ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৬২৩</u>

আগরতলা, ৮ মে, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'Lots of old cars plying on road, violating norms' শিরোনামে ২৭ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে নর্থ ইস্ট কালার্স চ্যানেলে সম্প্রচারিত সংবাদটি রাজ্য পুলিশের প্রধান কার্যালয়ের দৃষ্টি আকর্ষণ করেছে। ট্রাফিক এসপি-র রিপোর্টের ভিত্তিতে এবিষয়ে এক স্পষ্টিকরণ দিয়ে পুলিশের এআইজি বলেছেন, জাতীয় সড়ক এবং রাজ্য সড়কে ট্রাফিক ও পরিবহণ দপ্তরের কর্মীরা নিয়মিতভাবে ব্যবহারের অযোগ্য গাড়িগুলির বিরুদ্ধে যৌথ অভিযান চালিয়ে থাকেন। অযোগ্য অ্যাম্বুলেন্স সম্পর্কে তিনি জানিয়েছেন রাজ্যে ১৫৮টি অযোগ্য অ্যাম্বুলেন্স রয়েছে কিন্তু সেগুলিকে ব্যবহার করা হচ্ছে না। আর যেগুলি রাস্তায় চলছে সেগুলি ভাল অবস্থায় রয়েছে। মোটর ভ্যাহিকেল অ্যাক্টস/ ট্রাফিক রুলস অমান্য যাতে না হয় সেজন্য সারা রাজ্যে বিভিন্ন নাকা পয়েন্টে বিশেষ চেকিং করা হচ্ছে। সড়ক নিরাপত্তা সম্পর্কেও কর্মসূচি পরিচালনা করা হচ্ছে নিয়মিতভাবে। নর্থ ইস্ট কালার্স এ সম্প্রচারিত সংবাদটি তাই ভিত্তিহীন।

******